# এইচ এস সি পরীক্ষা ২০১৬এর সকল বোর্ডের জন্য মডেল প্রশ্ন

**বিষয় : ইসলামের ইতিহাস ও সংস্কৃতি ২য় পত্র (সৃজনশীল)**

**বিষয় কোড : ২ ৬ ৮**

**সময়: ২ ঘন্টা ১০ মিনিট** **পূর্ণমান: ৬০**

**দ্রষ্টব্যঃ দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। ৯টি প্রশ্ন থেকে যে কোন ৬টি প্রশ্নের উত্তর দাও।**

**১.▶** জুবায়ের ও সমীর শেখ এর জমিদারি পাশাপাশি হওয়ায় দুই জমিদারের মধ্যে বিবাদ লেগেই থাকত। একবার জমিদার জুবায়েরের কিছু প্রজা তাদের মাল বোঝাই ট্রাক নিয়ে আসার সময় জমিদার সমীর শেখের এলাকার কিছু দস্যু সবকিছু লুট করে নিয়ে যায়। জুবায়ের এ ঘটনার সাথে জড়িতদের শাস্তি ও ক্ষতিপূণ দাবী করেন। কিন্তু সমীর শেখ তাতে অস্বীকৃতি জানায়। এর ফলে জুবায়ের তার লোকজনকে সমীর শেখে জমিদারি আক্রমণের নির্দেশ দেন। সমীর শেখ বাধা প্রদান করতে এসে নিহত হন। এছাড়া তার জমিদারির ঘর-বাড়ী, ফসলের মাঠ পুড়িয়ে ছারখার করে দেয়। লোকজন প্রাণভয়ে পালিয়ে যায়।

ক. আরবদের সিন্ধু অভিযানের সময় সিন্ধুর রাজা কে ছিল? ১

খ. আরবকে 'জাজিরাতুল আরব" বলার কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সমীর শেখের জমিদারির পরিণত এবং সিন্ধু বিজয়ের ফলাফল এক নয়-উক্তিটি ব্যাখ্যাকর। ৩

ঘ. উদ্দীপকের উল্লেখিত লুটের ঘটনার সাথে আরবদের সিন্ধু বিজয়ের কোন কারণটির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৪

**২.▶** সুলতান মালিক প্রথম জীবনে ক্রীতদাস ছিলেন। ভাইদের ষড়যন্ত্রের মরক্কোর রাজদরবারের বিক্রিত হলে রাজ পৃষ্ঠপোষকতায় রাজনৈতিক ও প্রশাসনিক যোগ্যতা অর্জন করে পূর্ববর্তী সুলতান তার দক্ষতার মুগ্ধ হয়ে নিজ কন্যার সাথে মালিকের বিবাহ দেন। এবং গুরুত্বপূর্ণ প্রদেশের গভর্ণর করেন। শ্বশুরের মৃত্যুর পর আমির উমারা মিলে মালিককে নতুন সুলতান হিসাবে অভিষিক্ত করেন। মালিক সিংহাসনে অধিষ্ঠিত হয়ে প্রচলিত সামন্তপ্রথা উচ্ছেদ করে প্রদেশ প্রথা চালু করেন এবং সমগ্র রাজ্যকে কেন্দ্রীয় শাসনের অধীনে নিয়ে আসেন।

ক. দিল্লীতে স্বাধীন সালতানাতের প্রতিষ্ঠাতা কে? ১

খ. কুতুব মিনার নির্মাণের কারণ ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে সুলতান মালিকের প্রথম জীবনের সাথে দিল্লীর সুলতান ইলতুৎমিশের প্রথম জীবনের তুলনামূলক চিত্র ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের উল্লিখিত সুলতান মালিকের প্রশাসনিক কর্মকাণ্ডের আলোকে সুলতান ইলতুৎমিশের শাসনতান্ত্রিক কৃতিত্ব মূল্যায়ন কর। ৪

**৩.▶** রাজ্যে সুশাসন প্রতিষ্ঠার জন্য যে আমল শ্রেণী গঠন করা হয়েছিল তারাই এক সময় দুঃশাসন শুরু করে। এ অবস্থায় আমলাদের মধ্যে সবচেয়ে বয়স্ক ব্যক্তিটি সিংহাসনে বসে বিশৃঙ্খলাকারিদের দমন করেন। এছাড়া রাজ্যে শান্তি প্রতিষ্ঠার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেন। তিনি রাজদরবারে প্রয়োজনীয় কিছু নিয়মকানুন অত্যবশ্যকীয় করে দেন। সামরিক বাহিনীর শক্তি বৃদ্ধির জন্য সৈনিক নিয়োগ ও বেতন ভাতার সংস্কার করেন। ফলে রাজ্যে সুশাসন পুনঃপ্রতিষ্ঠিত হয়।

http://teachingbd.com

ক. উলুঘ খান কার উপাধি ছিল? ১
খ. সুলতান বলবন মেওয়াটিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করেছিলেন কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের উল্লেখিত আমলা শ্রেণীর সাথে 'বন্দেগান-ই- চেহেলগান' এর সমাঞ্জস্য? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাজ্যে সুশাসন প্রতিষ্ঠায় গৃহীত পদক্ষেপের সাথে সুলতান গিয়াসউদ্দীন বলবনের গৃহীত পদক্ষেপের তুলনামূলক বিশ্লেষণ কর। ৪

৪.▶ গোপালপুর গ্রামে বিভিন্ন ধর্মীয় সম্প্রদায়ের মানুষের বসবাস ছিল। তাদের সামাজিক আচার অনুষ্ঠান ছিল ভিন্ন ভিন্ন। তাদের একতার অভাবে গ্রামে কখনও কাঙ্ক্ষিত উন্নয়ন হয়নি। তবে লিয়াকত দীর্ঘদিন ধরে গ্রামের চেয়ারম্যান থাকায় গ্রামের মানুষের ঐক্যের জন্য বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেন। সকল সম্প্রদায়ের মধ্যে বৈবাহিক সম্পর্ক গড়ে তোলার চেষ্টা করেন। এছাড়া তিনি একটি নতুন সংঘ তৈরী করেন। যারা এই সংঘের সদস্য হবেন তাদের সকলকে কিছু নিয়মকানুন মেনে চলতে হবে। যাতে বিভিন্ন সম্প্রদায়ের লোক একই ধরণের আচার অনুষ্ঠানে অভ্যস্ত হতে পারেন। অবশ্য তার সংঘের সদস্য সংখ্যা খুবই কম ছিল।

ক. আকবর নামা কী? ১
খ. মনসদারী ব্যবস্থা বলতে কী বুঝ? ব্যাখ্যা কর। ২
গ. সম্পর্ক উন্নয়নে লিয়াকতের পদক্ষেপের সাথে সম্রাট আকবরের কোন নীতির সাথে সাদৃশ্য আছে, 'ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে সংঘ তৈরির উদ্দেশ্যের আলোকে সম্রাট আকবরের দীন-ই-ইলাহী প্রতিষ্ঠার কারণ ব্যাখ্যা কর। ৪

৫.▶ রাজা বাহারাম 'হাজার দুয়ারি' নামে যে স্মৃতিসৌধ নির্মাণ করেছিলেন, যা ইতিহাসের সাক্ষী হয়ে আজও মেহেরপুরে দণ্ডায়মান আছে। অসংখ্য দর্শনার্থী প্রতিদিন এই পুরাকীর্তি দেখতে এসে অবাক হয়। আবার দুঃখও প্রকাশ করে এই ভেবে যে, এত প্রতাপশালী রাজার শেষ জীবনে পুত্রদের মধ্যে ক্ষমতার দ্বন্দ্বের কারণে রাজা বন্দী অবস্থায় মৃত্যুবরণ করেন। শক্তি এবং কৌশল প্রয়োগ করে এক পুত্র অন্য পুত্রকে ধ্বংস করে দেন।

ক. সম্রাট শাহজাহানের স্ত্রীর নাম কী? ১
খ. ময়ুর সিংহাসন বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের 'হাজার দুয়ারির' সাথে সম্রাট শাহজাহানের কোন স্থাপত্যকীর্তির মিল রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের রাজা বাহরামের শেষ জীবনের আলোকে সম্রাট শাহজাহানের শেষ জীবনের তুলনা কর। ৪

৬.▶ নাফিজা এবার কলেজ থেকে শিক্ষা সফরে বালিয়াটি প্রাসাদে গিয়েছিল। সেখানে প্রাসাদের চারদিকে সুউচ্চ প্রাচীর দেখতে পায়। আবার দেয়ালের বাইরে চারিদিকে খাল যাতে শত্রুরা সহজেই প্রাসাদে প্রবেশ করতে না পারে। প্রাসাদের অভ্যন্তরে বহু ভবন, রংমহল, দরবার হল, ঝুলন্ত বারান্দা দেখেই বুঝেছিল আগে এখানে অনেক মানুষের সমাগম ছিল। তারা সেখানে জীবন উপভোগের জন্য সকল ব্যবস্থা করেছিলেন।

http://teachingbd.com

ক. দুদু মিয়া কে ছিলেন? ১
খ. ফরায়েজী আন্দোলন স্তিমিত হয়ে যায় কেন? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের প্রাসাদে প্রবেশে প্রতিবন্ধকতার মত তিতুমীর কেল্লায় কী ব্যবস্থা গ্রহণ করেছিলেন? ব্যাখ্যা কর। ৩
ঘ. প্রাসাদে বসবাসকারীদের সাথে তিতুমীরের কেল্লায় অবস্থানগর অনুচরদের মধ্যকার পার্থক্য নিরূপণ কর। ৪

৭.▶ জাহাঙ্গীর সাহেব একজন সমাজপতি। তিনি তার এলাকায় একটি সাহিত্য সমিতি গঠন করেন। নানা জায়গা থেকে তার সমিতিতে গুণীজন আসতে থাকেন। তাদের নাতিদীর্ঘ আলোচনায় এলাকার বিভিন্ন সামাজিক ও ধর্মীয় কুসংস্কার দূর হতে থাকে। এছাড়া নানা সমস্যার সমাধান হয়। মুসলমানদের শিক্ষা ও সংস্কৃতির ক্ষেত্রেও সমিতি কার্যকর ভূমিকা রাখতে পারে। এর ফলে পশ্চাদপদ মুসলিম এলাকাটি ধীরে ধীরে সংস্কৃতবান হয়ে ওঠে।

ক. নওয়াব আবদুল লতিফকে সরকার কী উপাধি প্রদান করেন? ১
খ. মোহামেডান লিটারারী সোসাইটির প্রতিষ্ঠা করা হয় কেন? ব্যাখ্যা কর। ২
গ. জাহাঙ্গীর সাহেবের সাহিত্য সমিতির সাথে উনিশ শতকের কোন সাহিত্য সমিতির সাদৃশ্য দেখা যায়? ব্যাখ্যা কর। ৩
ঘ. উক্ত সমিতির প্রতিষ্ঠাতা বাংলার মুসলিম জাগরণের অগ্রদূত- যুক্তি সাপেক্ষে প্রমাণ কর। ৪

৮.▶ জুলিয়াস সিজারের বিশাল রাজত্বে রোমান ছাড়াও বিভিন্ন ভাষাভাষী মানুষ বসবাস করত। কিন্তু তিনি একমাত্র রোমান ভাষাকে রাষ্ট্রভাষা হিসাবে ঘোষণা করেন। এতে ইংল্যান্ডবাসীরা বিক্ষুব্ধ হয়ে নিজেদের মাতৃভাষা টিকিয়ে রাখার জন্য কঠিন আন্দোলন শুরু করেন। এতে ইংল্যান্ডে ইংরেজী ভাষা বহাল থাকে এবং কালক্রমে ইংরেজী ভাষা আন্তর্জাতিক ভাষার মর্যাদা লাভ করে।

ক. কত খ্রিষ্টাব্দে ভারতীয় উপমহাদেশে ইংরেজ শাসনের অবসান ঘটে? ১
খ. দ্বিজাতিতত্ত্ব বলতে কী বুঝায়? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকের জুলিয়াস সিজারের সাথে পাকিস্তানের কোন গভর্ণর জেনারেলের সাদৃশ রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের ইংল্যান্ডবাসীর আন্দোলন পূর্ব পাকিস্তানের ভাষা আন্দোলনেরই অনুরূপ— ব্যাখ্যা কর। ৪

৯.▶ বসনিয়া ছিল এক সময় সার্বিয়ার একটি প্রদেশ। বসনিয়ানরা রাষ্ট্রে সংখ্যাগরিষ্ঠ হলেও রাষ্ট্রক্ষমতা সার্বিয়ানদের হাতে ছিল। তারা বসনিয়দের উপর বৈষম্য ও শোষণনীতি গ্রহণ করলে বসনিয়াবাসী স্বায়ত্বশাসনের দাবিতে গুরুত্বপূর্ণ কিছু দফা ঘোষণা করে আন্দোলনে ঝাপিয়ে পড়ে। সার্বিয়া আন্দোলনকারীদের দমন করতে গেলে সেখানে গণআন্দোলনের সৃষ্টি হয়। শাসকগোষ্ঠীর হাতে বহু ছাত্রজনতা হতাহত হয়। যার ফলশ্রুতিতে বসনিয়া স্বাধীনতা অর্জন করেন।

ক. ছয়দফা কে ঘোষণা করেন? ১
খ. আইয়ুব খানের পতনের কারণ কী ছিল? ব্যাখ্যা কর। ২
গ. উদ্দীপকে বসনিয়াদের স্বায়ত্বশাসন দাবির আন্দোলনের সাথে বাঙালির কোন আন্দোলনের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকের বসনিয়াদের আন্দোলন ও বাঙালির আন্দোলন স্বাধীনতার পথ সুগম করেছিল- ব্যাখ্যা কর। ৪

http://teachingbd.com

## বিষয় ঃ ইসলামের ইতিহাস ও সংস্কৃতি-২য় পত্র (বহুনির্বাচনি)

বিষয় কোড : ২৬৮

সময় : ৪০ মিনিট | পূর্ণমান: ৪০

বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনী অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১।

১. 'কিতাব-উল-হিন্দ' গ্রন্থটি কার লেখা?
ক) আল-বেরুনি খ) আবুল ফজল
গ) গুলবদন বেগম ঘ) আব্বাস শেরওয়ানি

২. সুলতান মাহমুদ কতবার ভারত অভিযান করেন?
ক) ১৪ বার খ) ১৬ বার
গ) ১৫ বার ঘ) ১৭ বার

৩. আরবদের সিন্ধু বিজয়ের সময় মুসলিম সাম্রাজ্যের খলিফা ছিলেন?
ক) আল ওয়ালিদ
খ) হাজ্জাজ বিন ইউসুফ
গ) আব্দুল মালিক
ঘ) আব্দুল আজিজ

৪. কুতুব উদ্দিন আইবেক কত খ্রিষ্টাব্দে সিংহাসনে আরোহন করেন?
ক) ১২০৪ খ) ১২০৫
গ) ১২০৬ ঘ) ১২০৭

৫. দিল্লি সালতানাতের প্রথম মহিলা শাসনকর্তা কে?
ক) শাহ তুর্কান খ) সুলতানা রাজিয়া
গ) নূরজাহান ঘ) ঘসেটি বেগম

৬. খলজী বংশের প্রতিষ্ঠাতা কে?
ক) ফিরোজ খলজী খ) বখতিয়ার খলজী
গ) আলাউদ্দিন খলজী ঘ) জালাল উদ্দীন খলজী

৭. দিল্লি সালতানাতের সৈয়দ বংশের প্রতিষ্ঠাতা কে?
ক) ফরিদ খাঁন খ) খিজির খাঁন
গ) মুহম্মদ শাহ ঘ) উজির খাঁন

৮. কত বছর বয়সে আকবর সিংহাসনে আরোহন করেন?
ক) ৮ বছর খ) ১০ বছর
গ) ১২ বছর ঘ) ১৩ বছর

৯. বাবরের ভারত অভিযানের সময় দিল্লিতে কোন বংশীয় শাসন চলছিল?
ক) লোদী বংশীয় খ) সৈয়দী বংশীয়
গ) তুঘলক বংশীয় ঘ) খলজী বংশীয়

১০. মুঘল বংশের প্রতিষ্ঠাতা কে ছিলেন?
ক) সম্রাট বাবর খ) সম্রাট আকবর
গ) সম্রাট হুমায়ুন ঘ) সম্রাট জাহাঙ্গীর

১১. হুমায়ুন শব্দের অর্থ কী?
ক) কপালি খ) নিয়তি
গ) ভাগ্যবান ঘ) নসিব

১২. দ্বীন-ই-এলাহীর প্রবর্তক কে?
ক) সম্রাট বাবর খ) সম্রাট আকবর
গ) সম্রাট হুমায়ুন ঘ) সম্রাট জাহাঙ্গীর

১৩. সম্রাট শাহজাহানের স্থাপত্য শিল্পের সর্বশ্রেষ্ঠ কীর্তি কোনটি?
ক) তাজমহল খ) মতি মসজিদ
গ) ময়ূর সিংহাসন ঘ) শীষ মহল

১৪. শেরশাহের শাসনকালের ব্যাপ্তি ছিল কত বছর?
ক) তিন বছর খ) পাঁচ বছর
গ) সাত বছর ঘ) দশ বছর

১৫. কোন ইউরোপীয় বনিক সম্প্রদায় ভারতীয় উপমহাদেশে প্রথম আসে?
ক) পর্তুগিজ খ) দিনেমার
গ) ওলন্দাজ ঘ) ইংরেজ

১৬. ঐতিহাসিক লাহোর প্রস্তাব গৃহীত হয় কত সালে?
ক) ১৯৫৭ সালে খ) ১৯৪০ সালে
গ) ১৯৪৫ সালে ঘ) ১৯৪৭ সালে

১৭. ফরায়েজী কথাটি কোন শব্দ থেকে এসেছে?
ক) ফারায়েজ খ) ফজর
গ) ফরাজ ঘ) ফরজ

১৮. মীর নিসার আলী কার প্রকৃত নাম?
ক) তিতুমীর খ) দুদু মিয়া
গ) নবাব আব্দুল লতিফ ঘ) সৈয়দ আমীর আলী

১৯. পলাশীর যুদ্ধে নবাব সিরাজ-উ-দৌলার সেনাপতি কে ছিলেন?
ক) মীর জাফর খ) মীর মদন
গ) মোহনলাল ঘ) মিরন

২০. বারাসাত বিদ্রোহের নেতা কে ছিলেন?
ক) ফকির মজনু শাহ খ) হাজী শরীয়তউল্লাহ
গ) মোহসীন ঘ) তিতুমীর

২১. বঙ্গভঙ্গ হয় কত সালে?
ক) ১৯০৫ সালে খ) ১৯০৬ সালে
গ) ১৯০৭ সালে ঘ) ১৯০৮ সালে

http://teachingbd.com

২২. হাজী শরীয়ত উল্লাহ কত সালে জন্ম গ্রহণ করেন?
ⓚ ১৭৬১ সালে ⓚ ১৭৭১ সালে
ⓖ ১৭৮১ সালে ⓖ ১৮৮১ সালে

২৩. ওলন্দাজ বনিকগণ কোন দেশের অধিবাসী ছিলেন?
ক) স্পেন খ) হল্যান্ড
গ) পর্তুগাল ঘ) ইংল্যান্ড

২৪. ভাষা আন্দোলনের প্রথম সংগঠন কোনটি?
ক) তমুদ্দন মজলিশ খ) ছাত্র সংগ্রাম পরিষদ
গ) রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ
ঘ) অধিকার আন্দোলন

২৫. ছয় দফা কর্মসূচি কে ঘোষণা করেন?
ক) বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
খ) মাওলানা ভাসানী
গ) শামসুল হক ঘ) এ কে ফজলুল হক

২৬. ১৯৫৪ সালের নির্বাচনে জয় লাভ করে—
ক) যুক্তফ্রন্ট খ) মুসলিম লীগ
গ) জামায়াত-ই-ইসলাম ঘ) ন্যাপ (মোজাফফর)

২৭. পাকিস্তান সরকার কত খ্রিষ্টাব্দে সামরিক শাসন আইন জারি করে?
ক) ১৯৪৮ সালে খ) ১৯৫২ সালে
গ) ১৯৫৮ সালে ঘ) ১৯৬২ সালে

২৮. কখন স্বাধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ প্রবাসী সরকার গঠন করা হয়?
ক) ১৯৭১ সালের ১০ এপ্রিল
খ) ১৯৭১ সালের ১৭ এপ্রিল
গ) ১৯৭১ সালের ১২ এপ্রিল
ঘ) ১৯৭১ সালের ২৫ এপ্রিল

২৯. মুক্তিযুদ্ধের সময় বাংলাদেশ কয়টি সেক্টরে বিভক্ত ছিল?
ক) ১০টি খ) ১১টি
গ) ১২টি ঘ) ১৫টি

৩০. মুক্তিযুদ্ধের সময় সেনাপ্রধান কে ছিলেন?
ক) জেনারেল এম এ জি ওসমানী
খ) মেজর মঞ্জুর
গ) মেজর এ কে এম শফিউল্লাহ
ঘ) মেজর মীর শওকত আলী

৩১. ঐতিহাসিক রেসকোর্স ময়দানের বর্তমান নাম কী?
ক) রমনা পার্ক খ) রমনা উদ্যান
গ) বঙ্গবন্ধু এভিনিউ ঘ) সোহরাওয়ার্দী উদ্যান

৩২. মুজিবনগর সরকারের প্রকৃত কার্যালয় কোথায় ছিল?
ক) ঢাকা খ) বৈদ্যনাথতলা
গ) কলকাতা ঘ) মেহেরপুর

৩৩. নিচের কোন বাহিনী মুক্তিযুদ্ধের পক্ষে ছিল?
ক) রাজাকার বাহিনী খ) আলবদর বাহিনী
গ) কাদেরিয়া বাহিনী ঘ) আলশামস বাহিনী

৩৪. পাকিস্তানী বাহিনী কর্তৃক 'অপারেশন সার্চলাইট' কত তারিখ পরিচালিত হয়?
ক) ১৯৭১ সালের ২৫ মার্চ
খ) ১৯৭১ সালের ২০ মার্চ
গ) ১৯৭১ সালের ২৬ মার্চ
ঘ) ১৯৭১ সালের ২৩ মার্চ

৩৫. আওয়ামী মুসলিম লীগ সংগঠনের সভাপতি কে ছিলেন?
ক) মাওলানা ভাসানী
খ) হোসেন শহীদ সোহরাওয়ার্দী
গ) শামসুল হক ঘ) খাজা নাজিম উদ্দীন

৩৬. বাঁশের কেল্লা কে তৈরি করেন?
ক) তিতুমীর খ) দুদু মিয়া
গ) হাজী শরীয়তউল্লাহ ঘ) মীর কাসিম

৩৭. ইস্ট ইন্ডিয়া কোম্পানি দেওয়ানী লাভ করে কোন সালে?
ক) ১৯৬৫ সালে খ) ১৭৬৫ সালে
গ) ১৭৬৪ সালে ঘ) ১৭৯৩ সালে

৩৮. মুহম্মদ বিন তুঘলক দিল্লি থেকে কোথায় রাজধানী স্থানান্তর করেন?
ক) দাক্ষিণাত্য খ) উত্তর প্রদেশ
গ) দেবগিরি ঘ) পাঞ্জাব

৩৯. লক্ষণ সেন পরাজিত হন কত খ্রিষ্টাব্দে?
ক) ১২০৩ খ্রিষ্টাব্দে খ) ১২০৪ খ্রিষ্টাব্দে
গ) ১২০৫ খ্রিষ্টাব্দে ঘ) ১২০৬ খ্রিষ্টাব্দে

৪০. ১৯৭০ সালের নির্বাচনে জয়লাভ করে—
ক) মুসলিম লীগ খ) কৃষক লীগ
গ) আওয়ামী লীগ ঘ) জামায়াত

| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ক | ২ | খ | ৩ | ক | ৪ | গ | ৫ | খ | ৬ | ঘ | ৭ | খ | ৮ | ঘ | ৯ | ক | ১০ | ক | ১১ | গ | ১২ | খ | ১৩ | ক | ১৪ | খ | ১৫ | ক | ১৬ | খ | ১৭ | ঘ | ১৮ | ক | ১৯ | ক | ২০ | ঘ |
| ২১ | ক | ২২ | গ | ২৩ | খ | ২৪ | গ | ২৫ | ক | ২৬ | ক | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | খ | ৩০ | ক | ৩১ | ঘ | ৩২ | খ | ৩৩ | গ | ৩৪ | ক | ৩৫ | ক | ৩৬ | ক | ৩৭ | ক | ৩৮ | গ | ৩৯ | খ | ৪০ | গ |

Teachingbd.com

http://teachingbd.com